গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

স্মারক নং: এলজিইডি/জিআইএস/এম-০১(অংশ-২)/২০০৫/৯৩৮ তারিখ: ১১/০৬/২০১৫ ইং

প্রতি,
প্রকল্প পরিচালক
সাসটেইনেবল রুরাল ইনফ্রাষ্টাকচার ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (SRIIP)
এলজিইডি

বিষয় : SRIIP এর আওতায় প্রস্তুতকৃত 'Climate Change Vulnerability Map' এর উপর GIS সেকশনের মতামত।

সূত্র: স্মারক নং –এলজিইডি/পিডি/ এসআরআইআইপি/২৩৬,২০১৪ তারিখ : ২৮/০৫/২০১৫ইং

উপরোক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে আপনার প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত 'Climate Change Vulnerability Map' এর উপর GIS সেকশনের মতামত নিম্নরূপঃ

১। পরামর্শক প্রতিষ্ঠান 'Green Plus Engineering' কর্তৃক প্রস্তুতকৃত 'Climate Change Vulnerability Maps' ৫টি থিমেটিক আকারে আছে। এক্ষেত্রে অনুসৃত Criteria, Approach and methodology, Climate সম্পর্কিত Parameter ইত্যাদির উল্লেখ নেই ফলে ম্যাপসমূহ সঠিক আছে কিনা সে বিষয়ে মতামত দেয়া যাচ্ছে না।

তবে, এ ম্যাপগুলোকে কোনভাবেই Vulnerability Map হিসেবে বিবেচনা করার সুযোগ নেই । কারণ Climate Change এর কোন Aspect এখানে বিবেচনায় নেয়া হয়নি। শুধুমাত্র ২১ জেলায় তাপমাত্রা, বৃষ্টিপাতের পরিমান, Drought বা Flood ম্যাপিং করা হয়েছে। Climate Change এর কারনে তাপমাত্রা ও বৃষ্টিপাতের ধারায় যে পরিবর্তন হচ্ছে এবং এর সাথে Flood, Drought কিভাবে সম্পর্কিত এবং এর ফলে এসব Hazard event কিভাবে বৃদ্ধি পাচ্ছে তার বিশ্লেষণ নেই। এ থেকে কোন এলাকা কিভাবে Vulnerable হতে পারে তার কোন ধারনা পাওয়া যাবে না। প্রকৃতপক্ষে এই ম্যাপ গুলোতে 'Climate Change' এবং Vulnerability-র দুটি উপাদানই অনুপস্থিত। সে কারনে Vulnerability Aspect এ এলজিইডির কোন কাজে এসব ম্যাপ সহায়ক হবে না।

২। GIS Based কোন Analytical কাজের এসব তথ্য ভবিষ্যতে ব্যবহার করতে হলে অবশ্যই এসব তথ্যের সফট কপি (GIS Format) এলজিইডিতে থাকতে হবে নতুবা হার্ডকপি ম্যাপের উপর নির্ভর করে ম্যাপ দেখা ছাড়া এসব তথ্য কোন Analytical কাজে ব্যবহার করা যাবে না।

৩। প্রতীয়মান হয়েছে যে, পরামর্শক প্রতিষ্ঠান ম্যাপসমূহ প্রস্তুতের কাজে এলজিইডির অনেক GIS তথ্য ব্যবহার করলেও এসব তথ্যের বিষয়ে কোন Acknowledgement বা Source উল্লেখ নেই। এলজিইডির GIS ডাটা শেয়ারিং Policy অনুযায়ী এলজিইডি'র অনুমতি না নিয়ে এসব তথ্য কোন Analytical কাজে ব্যবহারের নিষেধাজ্ঞা রয়েছে। এ কারনে পরামর্শক প্রতিষ্ঠানটির কাছ থেকে এ বিষয়ে ব্যাখ্যা নেয়া প্রয়োজন।

৪। প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন এ ধরনের বিশেষায়িত কাজের সাথে শুরু থেকেই সংশ্লিষ্ট ইউনিট বা সেলের ওতোপ্রোতভাবে সম্পৃক্ত থাকা প্রয়োজন (যেমন এ কাজের জন্য GIS ইউনিট সহ Environmental Cell সম্পৃক্ত থাকা প্রয়োজন ছিল)। অন্যথায় এ ধরনের কাজের সঠিক Output পাওয়া যায় না এবং এ সকল Output সমূহ এলজিইডিতে ভবিষ্যতে ব্যবহার করা যায় না। ফলে এসব কাজের ব্যয়ের অর্থ অনেকটা অপচয় হিসেবেই বিবেচিত হয়।

১১/০৬/২০১৫
(ইফতেখার আহমেদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা)
এলজিইডি সদর দপ্তর
ফোন: ৯১২৭১৫৮
ই-মেইল: se.planning@lged.gov.bd

অনুলিপিঃ
১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা, সদয় অবগতির জন্য।
২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী.....(সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী.....(সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪. প্রকল্প পরিচালক.....(সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
(অনুচ্ছেদ ২, ৩ ও ৪)